গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া
(সাধারণ শাখা)
www.bogra.gov.bd

**পবিত্র ঈদ-উল-ফিতর, ২০২৪ খ্রি. (১৪৪৫ হিজরি) উদ্‌যাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ সাইফুল ইসলাম<br>জেলা প্রশাসক, বগুড়া |
| সভার স্থান | : | জেলা প্রশাসক, বগুড়া এর সম্মেলন কক্ষ 'করতোয়া' |
| তারিখ | : | ৩১ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ |
| সময় | : | দুপুর ১২.০০ ঘটিকা |
| পরিশিষ্ট "ক" | : | উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা |

সভাপতি উপস্থিত সুধীবৃন্দকে আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর, ২০২৪ এর শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বগুড়া পবিত্র ঈদ-উল-ফিতর উদ্‌যাপন উপলক্ষ্যে গত বছরের সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।

অতঃপর বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | জাতীয় পতাকা উত্তোলন | ঈদের দিন সরকারি ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে। বিষয়টি বহুল প্রচার করতে হবে। | ১. সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/ভবন মালিকগণ<br>২. সিনিয়র তথ্য অফিসার, বগুড়া |
| ০২ | কেন্দ্রীয় ঈদগাহ্ মাঠ প্রস্তুতকরণ ও সুসজ্জিতকরণ | ১. ঈদগাহ্ মাঠ নামাজের উপযোগী করে প্রস্তুত করতে হবে।<br>২. চট ও মাদুর বিছানোসহ মুসল্লিদের জন্য ওজুর সু-ব্যবস্থা রাখতে হবে।<br>৩. ঈদ মোবারক খচিত পতাকা/ফেস্টুন দিয়ে ঈদগাহ্ মাঠ, প্রবেশপথ ও শহরের গুরুত্বপূর্ণ স্থান সুসজ্জিত করতে হবে।<br>৪. ঈদগাহ্ মাঠের সীমানা প্রাচীর ও মেহেরাব রং করতে হবে। | ১. মেয়র, বগুড়া পৌরসভা<br>২. নেজারত ডেপুটি কালেক্টর, বগুড়া<br>৩. নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বগুড়া |
| ০৩ | সামিয়ানা টানানো ও প্রয়োজনীয় সংখ্যক ফ্যান এর ব্যবস্থাকরণ | পবিত্র ঈদ-উল-ফিতর সুষ্ঠুভাবে উদ্‌যাপনের লক্ষ্যে কেন্দ্রীয় ঈদগাহ্ মাঠে মুসল্লীদের স্থান সংকুলানের বিষয়টি যথাযথভাবে নিশ্চিত করে পুরো মাঠে সামিয়ানা টানাতে হবে এবং প্রয়োজনীয় সংখ্যক ফ্যানের ব্যবস্থা করতে হবে। | মেয়র, বগুড়া পৌরসভা |
| ০৪ | নামাজের সময়সূচি | ১. জেলা সদরের কেন্দ্রীয় ঈদগাহ্ মাঠে সকাল ৮.৩০ টায় ঈদের প্রধান জামায়াত অনুষ্ঠিত হবে। গত বছরের সিদ্ধান্ত অনুযায়ী এ বৎসর কেন্দ্রীয় ঈদগাহ্ মাঠে নামাজ পড়াবেন খতিব আলহাজ্ব মাওলানা মোঃ আছগর আলী। প্রয়োজনীয়তার নিরিখে তিনি বিকল্প ইমাম প্রস্তুত রাখবেন।<br>২. ঈদের দিন আবহাওয়া প্রতিকূল থাকলে কেন্দ্রীয় বড় মসজিদ, সেন্ট্রাল মসজিদ, মার্কাজ মসজিদ ও কালেক্টরেট মসজিদে ঈদের জামায়াত সকাল ৯.০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। কেন্দ্রীয় বড় মসজিদে জনাব আলহাজ্ব মাওলানা মোঃ আছগর আলী ঈদের নামাজ পড়াবেন। এছাড়াও স্ব-স্ব এলাকার মসজিদে ঈদের নামাজ অনুষ্ঠিত হবে। তাছাড়া অন্যান্য মসজিদভিত্তিক ঈদের জামায়াতের সময়সূচি স্থানীয়ভাবে নির্ধারিত হবে। | ১. মেয়র ,বগুড়া পৌরসভা<br>২. সিনিয়র তথ্য অফিসার, বগুড়া<br>৩. পেশ ইমাম, কেন্দ্রীয় বড় জামে মসজিদ, বগুড়া<br>৪ . সংশ্লিষ্ট মসজিদ কমিটি |
| ০৫ | আইন-শৃঙ্খলা | পবিত্র ঈদ-উল-ফিতর সুষ্ঠুভাবে উদ্‌যাপন এবং সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার নিমিত্ত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ঈদের দিনে উঠতি বয়সি তরুণ/কিশোর গ্যাং এর মোটর সাইকেল রেস প্রতিরোধে ব্যবস্থা গ্রহণ করতে হবে। পিকআপ/ট্রাকে করে সাউন্ড সিস্টেমসহ ঘোরাফেরা বন্ধ করতে হবে। জেলা সদরসহ প্রতিটি পৌরসভা/উপজেলা/ইউনিয়ন/ওয়ার্ড/গ্রাম পর্যায়ে যে সকল ঈদের জামায়াত অনুষ্ঠিত হবে সে সকল ঈদের জামায়াতে প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে হবে। এ বিষয়ে পুলিশ সুপার, বগুড়া যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার, অফিসার-ইন-চার্জ, স্থানীয় জনপ্রতিনিধিদের সমন্বয়ে নিরাপত্তাসহ সুষ্ঠুভাবে ঈদের জামায়াত সম্পন্ন করার বিষয়টি নিশ্চিত করবেন। | ১. পুলিশ সুপার, বগুড়া<br>২. কোম্পানী কমান্ডার, র‍্যাব-১২, বগুড়া<br>৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল) বগুড়া<br>৪. অফিসার ইনচার্জ (সকল), বগুড়া |
| ০৬ | স্বাস্থ্যসেবা | কেন্দ্রীয় ঈদগাহে ঈদের নামাজ চলাকালীন স্বাস্থ্যসেবা ও জরুরি পরিস্থিতি মোকাবেলা করার জন্য ফায়ার সার্ভিসের গাড়ি ও এ্যাম্বুলেন্সের ব্যবস্থা নিশ্চিত করতে হবে। | ১. সিভিল সার্জন, বগুড়া<br>২. সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বগুড়া |

| ক্রম | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০৭ | বিশেষ খাবার পরিবেশন | জেলা/উপজেলার বিভিন্ন হাসপাতাল, কারাগার, শিশু সদন, ছোটমনি নিবাস, সামাজিক প্রতিবন্ধী কেন্দ্র, সেফ হোমস, ভবঘুরে কল্যাণ কেন্দ্র ও দুঃস্থ কল্যাণ কেন্দ্রে উন্নতমানের খাবার পরিবেশন করতে হবে। | ১. উপপরিচালক, সমাজ সেবা অধিদপ্তর, বগুড়া<br>২. সংশ্লিষ্ট দপ্তর/ প্রতিষ্ঠান প্রধানগণ |
| ০৮ | উপজেলা পর্যায়ে কর্মসূচি প্রণয়ন | জেলা পর্যায়ের কর্মসূচির আলোকে উপজেলা পর্যায়ে অনুরূপ কর্মসূচি গ্রহণ করার বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারগণ স্থানীয় ঈদগাহ্ কমিটি ও গণ্যমাণ্য ব্যক্তিদের সাথে পরামর্শক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) বগুড়া |
| ০৯ | জেলা ও উপজেলা পর্যায়ে চাঁদ দেখা কমিটি | জেলা পর্যায়ে জেলা প্রশাসকের সমন্বয়ে জেলা চাঁদ দেখা কমিটির সকল সদস্য এবং উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারের সমন্বয়ে উপজেলা চাঁদ দেখা কমিটি কোন উপযুক্ত স্থানে যথারীতি উপস্থিত হয়ে চাঁদ দেখার বিষয়টি নিশ্চিত করবেন এবং চাঁদ দেখার সাথে সাথে কেন্দ্রীয় কমিটিকে অবহিত করবেন। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। | উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বগুড়া |
| ১০ | চলচ্চিত্র প্রর্দশনী ও বিনোদন | ১. ঈদের নামাজের পরে জেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে রাষ্ট্রীয় নীতির সাথে সঙ্গতিপূর্ণ ডকুমেন্টারি/চলচ্চিত্র প্রদর্শন করতে হবে।<br>২. ঈদের দিন সুবিধা বঞ্চিত শিশুদের পৌর এডওয়ার্ড পার্ক, টিএমএসএস বিনোদন জগৎ ও ওয়ান্ডারল্যান্ড পার্কসহ সকল বিনোদন কেন্দ্রে বিনা টিকিটে প্রবেশের ব্যবস্থা রাখতে হবে। | ১. সিনিয়র তথ্য অফিসার, বগুড়া<br>২. সংশ্লিষ্ট পার্ক/ বিনোদন কেন্দ্রের মালিকগণ |
| ১১ | প্রচার | ঈদের প্রধান জামায়াত অনুষ্ঠানের সময়সূচি মাইকযোগে শহরের বিভিন্ন স্থানে ঈদের দুই দিন পূর্ব থেকে প্রচার করতে হবে। নিরাপত্তাজনিত কারণে ঈদের জামায়াতে প্রবেশের সময় কোন ব্যাগ, ব্যাকপ্যাক বহন করা যাবে না মর্মে ব্যাপক প্রচার করতে হবে। | ১. পুলিশ সুপার, বগুড়া<br>২. সিনিয়র তথ্য অফিসার, বগুড়া<br>৩. সাব-কমিটি, কেন্দ্রীয় ঈদগাহ্, বগুড়া |
| ১২ | বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ | ঈদের দিন বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা স্বাভাবিক রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। বিদ্যুৎ ব্যবস্থা বিঘ্নিত হলে যাতে নামাজের অসুবিধা না হয় সেজন্য পর্যাপ্ত সংখ্যক জেনারেটর এর ব্যবস্থা রাখতে হবে। | ১. মেয়র, বগুড়া পৌরসভা<br>২. নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, নেসকো পিএলসি-১ ও ২, বগুড়া |
| ১৩ | বিবিধ | ১. সিনিয়র তথ্য অফিসার ঈদের দিনে কেন্দ্রীয় ঈদগাহে প্রয়োজনীয় সংখ্যক মাইক সরবরাহ ও অন্যান্য অনুষ্ঠানে মাইক সরবরাহ করবেন।<br>২. প্রেস ক্লাব, বগুড়া দৈনিক পত্রিকাসমূহে পবিত্র ঈদ-উল-ফিতর এর প্রধান জামায়াতের সময়সূচি প্রকাশের ব্যবস্থা গ্রহণ করবেন।<br>৩. উপপরিচালক,ইসলামিক ফাউন্ডেশন, বগুড়া সকল মসজিদের ইমামগণের মাধ্যমে ঈদ-উল-ফিতরের নামাজের সময়সূচি প্রতিটি মসজিদে প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন।<br>৪. পাড়া/মহল্লার রাস্তার ধারে উচ্চস্বরে গান বাজনা, মাইক বাজানো যাবে না।<br>৫. ঈদগাহ্ মাঠের প্রবেশ এবং বহির্গমনের গেইট/রাস্তা ভিক্ষুকমুক্ত রাখতে হবে। | ১. পুলিশ সুপার, বগুড়া<br>২. সিনিয়র তথ্য অফিসার, বগুড়া<br>৩. উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বগুড়া<br>৪. সভাপতি, প্রেস ক্লাব, বগুড়া |
| ১৪ | ঈদের জামায়াত ব্যবস্থাপনা কমিটি গঠন | ঈদের জামায়াত ব্যবস্থাপনার জন্য নিম্নবর্ণিত কর্মকর্তা/ব্যক্তির সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলো। প্রয়োজনে উক্ত কমিটি যে কাউকে সভায় কো-অপ্ট করতে পারবেন।<br>১. উপপরিচালক, স্থানীয় সরকার, বগুড়া — আহবায়ক<br>২. অতিরিক্ত পুলিশ সুপার, সদর সার্কেল, বগুড়া — সদস্য<br>৩. মেয়র, বগুড়া পৌরসভা, বগুড়া — সদস্য<br>৪. ডেপুটি সিভিল সার্জন, বগুড়া — সদস্য<br>৫. নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বগুড়া — সদস্য<br>৬. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, বগুড়া — সদস্য<br>৭. নির্বাহী প্রকৌশলী, নেসকো পিএলসি- ১ ও ২, বগুড়া — সদস্য<br>৮. উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বগুড়া — সদস্য<br>৯. সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বগুড়া — সদস্য<br>১০. জেলা সিনিয়র তথ্য অফিসার, বগুড়া — সদস্য<br>১১. অফিসার ইনচার্জ, সদর থানা, বগুড়া — সদস্য | সংশ্লিষ্ট কর্মকর্তা/ব্যক্তিবর্গ, বগুড়া |

| | | | |
|---|---|---|---|
| ১৪ | ঈদের জামায়াত ব্যবস্থাপনা কমিটি গঠন | ১২. প্রধান শিক্ষক, সেন্ট্রাল উচ্চ বিদ্যালয়, বগুড়া — সদস্য<br>১৩. জনাব টি জামান নিকেতা, বগুড়া — সদস্য<br>১৪. আলহাজ্ব আবুল কালাম আজাদ (বিশিষ্ট ব্যবসায়ী) বগুড়া — সদস্য<br>১৫. জনাব মোঃ লিয়াকত আলী (বিশিষ্ট ব্যবসায়ী) বগুড়া — সদস্য<br>১৬. জনাব মোঃ সাইরুল ইসলাম (বিশিষ্ট ব্যবসায়ী) বগুড়া — সদস্য<br>১৭. সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব — সদস্য<br>১৮. সভাপতি, ইমাম মোয়াজ্জিন সমিতি, বগুড়া — সদস্য<br>১৯. জনাব মাওলানা মোঃ আছগর আলী, খতিব, বড় মসজিদ — সদস্য<br>২০. উপজেলা নির্বাহী অফিসার, বগুড়া সদর, বগুড়া — সদস্য-সচিব | সংশ্লিষ্ট কর্মকর্তা/ব্যক্তিবর্গ, বগুড়া |

ঈদের তাৎপর্য ও মর্মার্থ বর্ণনা করে বগুড়া জেলায় যথাযথ ধর্মীয় ভাবগাম্ভীর্য ও উৎসাহ উদ্দীপনার সাথে আসন্ন ঈদ-উল-ফিতর ২০২৪ উদ্‌যাপনের লক্ষ্যে সকলের সম্মিলিত ও ঐকান্তিক সহযোগিতা কামনা করা হয়। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলের সুস্বাস্থ্য, দীর্ঘায়ু ও পবিত্র ঈদ-উল-ফিতরের শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ সাইফুল ইসলাম)
জেলা প্রশাসক
বগুড়া
ফোন-০২৫৮৮৯৯০০০২০ (অফিস)
ই-মেইল-dcbogura@mopa.gov.bd

কার্যবিবরণি নং-০৫.৫০.১০০০.০৬.০০২.০০৫.২৪.৪২০

তারিখ: ২১ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
০৪ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৩. পুলিশ সুপার, বগুড়া
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বগুড়া
৫. সিভিল সার্জন, বগুড়া
৬. উপপরিচালক, স্থানীয় সরকার, বগুড়া
৭. কোম্পানী কমান্ডার, র‍্যাব-১২, বগুড়া
৮. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/সার্বিক/ শিক্ষা ও আইসিটি) ও বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া
৯. মেয়র, বগুড়া পৌরসভা, বগুড়া
১০. উপজেলা নির্বাহী অফিসার..................................(সকল), বগুড়া
১১. জনাব..........................................................................
..........................................................................,বগুড়া

জেলা প্রশাসক
বগুড়া